

বিভিন্ন বিভাগের কার্যাবলি

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ নায়েমের অভ্যন্তরীণ বিভিন্ন কার্যসমূহের সার্বিক পরিকল্পনা প্রণয়ন এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের নকশা (প্রণয়ন) করে। এ বিভাগ একটি নির্দিষ্ট বছরের জন্য পরিকল্পিত সার্বিক প্রশিক্ষণ কার্যক্রম সংবলিত বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা প্রনয়ন করে। একাডেমির আইসিটি সেল এ বিভাগে সংযুক্ত।

প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ

নায়েমের প্রধান উদ্দেশ্য হচ্ছে শিক্ষক ও শিক্ষা প্রশাসকগণকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে গুণগত মানসম্পন্ন ও দক্ষ মানব সম্পদে পরিণত করা। এ উদ্দেশ্যকে সামনে রেখে নায়েম বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি নিয়ে এগিয়ে যাচ্ছে। প্রশিক্ষণ কোর্স কারিকুলাম এর নকশা প্রণয়ন ও প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন করা প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগের মূল দায়িত্ব। এ বিভাগের অধীন সদস্যগণ সেমিনার, ওয়ার্কশপ পরিচালনা, প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরি, কোর্স রিপোর্ট তৈরি এবং বিভিন্ন প্রশিক্ষণ সংক্রান্ত নির্ধারিত কাজ সম্পন্ন করতে প্রশিক্ষণার্থীদের সহায়তা করে থাকেন।

নায়েম SSCEM, ACEM, শিক্ষা গবেষণা পদ্ধতি কোর্স, আইসিটি কোর্স, শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন কোর্স, কমিউনিকেশন ইংলিশ কোর্স, গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা কোর্স ইত্যাদি কোর্সের প্রশিক্ষণ ম্যানুয়েল প্রকাশ করে থাকে। এছাড়াও এই বিভাগ বিভিন্ন কোর্সের বক্তা মূল্যায়নের কাজ করে থাকে।

নায়েম ২৬ ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে। উল্লেখযোগ্য প্রশিক্ষণগুলির মধ্যে রয়েছে- এস.এস.সি.এম, এ.সি.ই.এম, বুনিয়াদি কোর্স, শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স, শিক্ষা গবেষণা পদ্ধতি কোর্স, শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন, আইসিটি কোর্স, কমিউনিকেশন ইংলিশ কোর্স ইত্যাদি।

প্রশাসন ও অর্থ বিভাগ

প্রশাসন ও অর্থ বিভাগ নায়েম এর সার্বিক ব্যবস্থাপনার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বিভিন্ন প্রশাসনিক কমিটিতে অন্তর্ভুক্তি ছাড়াও এ বিভাগ বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, কর্মশালা এবং সেমিনার আয়োজন, এবং শিক্ষা মন্ত্রণালয় ও অন্যান্য সহযোগী সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করতে সহায়তা প্রদান করে। হিসাবনিকাশ রাখা ও বাজেট তৈরি করার মত গুরুত্বপূর্ণ কাজগুলো এ বিভাগ সম্পাদন করে থাকে। এই বিভাগ অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরীক্ষাসমূহ সম্পাদন করে থাকে। এ বিভাগ নায়েমের অবকাঠামো নির্মাণ ও মেরামত কাজ এবং বিভিন্ন সংস্কারমূলক কার্যাবলি তদারকি করে থাকে। প্রশিক্ষণ-সামগ্রী, যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি ক্রয় করাও এ বিভাগের একটি নিয়মিত কাজ।

গবেষণা ও তথ্যায়ন বিভাগ

গবেষণা পরিচালনা, ফলো আপ এবং কেস স্টাডি করতে গবেষণা ও তথ্যায়ন বিভাগ নিবেদিত। প্রতি বছর এ বিভাগ নায়েম অনুষদবৃন্দ ও অন্যান্য সংস্থার গবেষকদের নিকট থেকে গবেষণা প্রস্তাব আহবান করে থাকে। নায়েম কর্তৃক পরিচালিত বার্ষিক বিভিন্ন কার্যাবলির সারসংক্ষেপসহ নায়েম নিউজ লেটার, ত্রৈমাসিক প্রকাশনা, নায়েম জার্নাল, নায়েমের অর্ধবার্ষিকী প্রকাশনা এবং বার্ষিক রিপোর্ট প্রকাশনার জন্য এই বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকে। এ বিভাগ শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনার উপর পুস্তক প্রকাশে সহায়তা প্রদান করে থাকে।